

■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫০

১/ পরিত্রিতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৭. একজনের মিসওয়াক অন্যজনে ব্যবহার করা প্রসঙ্গে

بَابِ فِي الرَّجُلِ يَسْتَأْكُ بِسِوَالِكِ غَيْرِهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى، حَدَّثَنَا عَنْبَسَةُ بْنُ عَبْدِ الْوَاحِدِ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ،
عَنْ عَائِشَةَ قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَأْكُ وَعِنْدَهُ رَجُلٌ أَحَدُهُمَا
أَكْبَرُ مِنَ الْآخَرِ فَأَوْحَى إِلَيْهِ فِي فَضْلِ السِّوَالِكِ "أَنْ كَبِرْ". أَعْطَى السِّوَالِكَ أَكْبَرَهُمَا . قَالَ
أَحْمَدُ - هُوَ ابْنُ حَزْمٍ - قَالَ لَنَا أَبُو سَعِيدٍ هُوَ ابْنُ الْأَعْرَابِيِّ هَذَا مِمَّا تَفَرَّدَ بِهِ أَهْلُ
الْمَدِينَةِ

- صحيح

বাংলা

৫০। আয়িশাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিসওয়াক করছিলেন। তখন তাঁর নিকট এমন দু' ব্যক্তি ছিল যাদের একজন অপরজনের অপেক্ষা বয়োজ্যেষ্ঠ। এমন সময় তাঁর নিকট মিসওয়াক করার ফায়লাত সম্পর্কে ওয়াহী নায়িল হলোঃ দু'জনের মধ্যে যে বড় তাকে মিসওয়াক দিন।[1]

সহীহ।

English

Narrated Aisha, Ummul Mu'minin:

The Messenger of Allah (ﷺ) was using the tooth-stick, when two men, one older than the other, were with him. A revelation came to him about the merit of using the tooth-stick. He was asked to show proper respect and give

it to the elder of the two.

ফুটনোট

[1] এ হাদীস বর্ণনায় ইমাম আবু দাউদ প্রসিদ্ধ ছয় গ্রন্থের মধ্যকার একক হয়ে গেছেন।

হাদীস থেকে শিক্ষাঃ

অন্যের মিসওয়াক ব্যবহার করা জায়িয়। তবে এক্ষেত্রে আদব হচ্ছে উপস্থিত লোকদের মধ্যকার যিনি বয়সে বেশি বড় তিনি সর্বপ্রথম তা ব্যবহারের হাকন্দার। তারপর পর্যায়ক্রমে তার চেয়ে বয়সে ছোট ব্যক্তিরা ব্যবহার করবেন। সালাম, পরিত্রাতা অর্জন, সুগন্ধি ব্যবহার এবং অনুরূপ অন্যান্য কাজের এটাই সুন্নাতী পদ্ধতি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57368>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন